



### সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে শিক্ষকবৃন্দদের নিয়ে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকবৃন্দদের নিয়ে দিনব্যাপী ‘Standard Question Formulation and Academic Excellence Improvement’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃথাবার (১৬ অক্টোবর ২০২৩) নোবিপ্রবি ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও বিজ্ঞান অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞ্জা। কর্মশালায় ‘কী নেট স্পীকার’ হিসেবে ছিলেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর আইকিউএসি বিভাগের অতিরিক্ত পরিচালক ড. কাজী শহিদুল্লাহ। নোবিপ্রবি আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিমের সঞ্চালনায় এতে আলোচক হিসেবে ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, এসিসিই বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আশরাফুল আলম এবং আইকিউএসি পরিচালক ও মাইক্রোবায়োলজী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। কর্মশালায় নোবিপ্রবির বিজ্ঞান অনুষ্ঠানের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন ‘আমাদের চিন্তকে আরো বেশী প্রশারিত করতে হবে। আমরা যেন শুধুমাত্র চাকরী না করি, আমরা যেনেো শিক্ষকতাটা করি। আমাদের আউটকাম বেজড এডুকেশন পদ্ধতির সাথে অভ্যন্তর হতে হবে, তা না হলে আমরা অন্যন্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় পিছিয়ে থাকবো। পাশাপাশি স্ট্যান্ডার্ড কোশেন ফরমুলেশন সম্পর্কে জানতে হবে। আজকের এই কর্মশালার সফলতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘আমাদেরকে শুধুমাত্র কোর্সভিডিক নয় বরং কো-কারিকুলাম ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে। সেক্ষেত্রে আজকের এই কর্মশালাটি আপনাদের জন্য সহায়ক হবে বলে মনে করছি। এই পদ্ধতিতে প্রশ্নপত্রের যে কিছু মৌলিক বিষয় আছে সেগুলোকে আরো উন্নত করা হবে। আশা করছি আমরা শীঘ্ৰই নোবিপ্রবির অধিকাংশ বিভাগে পরিপূর্ণভাবে আউটকাম বেজড এডুকেশন (OBE) পদ্ধতি চালু করতে পারবো। আজকের এই প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

R. Md. Md.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

